

PRINT

সমকাল

গণ বিশ্ববিদ্যালয়ে স্বাস্থ্য সম্মেলন ১৫ নভেম্বর থেকে

১১ ঘণ্টা আগে

আগামী ১৫ থেকে ১৯ নভেম্বর সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে চতুর্থ আন্তর্জাতিক জনগণের স্বাস্থ্য সম্মেলন-২০১৮। এতে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের স্বাস্থ্যসেবা দানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, চিকিৎসক এবং আন্তর্জাতিক স্বাস্থ্য আন্দোলনের প্রতিনিধিরা অংশ নেবেন। সম্মেলনে পাঁচটি প্লেনারি, ২১টি সাবপ্লেনারি ও প্রায় ৪০টি বিষয়ভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হবে।

বৈশ্বিক, আঞ্চলিক এবং স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য ও স্বাস্থ্যসেবাকে প্রভাবিত করে এমন নীতিমালা, চলমান প্রক্রিয়া পর্যালোচনা এবং মূল্যায়ন এ সম্মেলনের মূল উদ্দেশ্য। সম্মেলনে বাংলাদেশের পরিপ্রেক্ষিতে দরিদ্রদের জন্য সমতাভিত্তিক স্বাস্থ্যসেবার প্রচলন; ওষুধপত্র এবং চিকিৎসা সরঞ্জাম উৎপাদন, বণ্টন ও ব্যবস্থাপনা গণমুখী করা; স্বাস্থ্য খাতে ভর্তুকি আনয়ন ও বাজেট বাড়ানো নিয়ে আলোচনা ও প্রস্তাবনা গ্রহণ করা হবে। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

